

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার লেটার নম্বর ১০

তারিখ : সেপ্টেম্বর ১৮, ২০২৩

আশ্বিন ০৩, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

প্রোফরমা ইনভয়েস (Proforma Invoice)/ইনডেন্ট (Indent) এ পণ্যের
বিবরণ, মান, ইউনিট প্রতি মূল্য এবং পরিমাণ অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন, ভলিউম-১, চ্যাপ্টার-৭, সেকশন-২, প্যারা-২০ মোতাবেক বাংলাদেশে বিদেশ হতে পণ্য আমদানির ক্ষেত্রে কার্যরত এডি ব্যাংকগুলোর অনুকূলে পণ্যের আমদানিকারক-রপ্তানিকারক, কান্ট্রি অব অরিজিন এবং আন্তর্জাতিক বাজারে সংশ্লিষ্ট পণ্যের প্রতিযোগিতামূলক মূল্য যথাযথভাবে যাচাই-বাছাই করতঃ এলসি খোলার সাধারণ প্রাধিকার জ্ঞাপিত রয়েছে। তাছাড়া এফই সার্কুলার পত্র নং ০৭ তারিখ ০৫ মে ২০১৪ অনুযায়ী আমদানীয় পণ্যের নাম, বিবরণ, পরিমাণ, মূল্য ইত্যাদি বিষয়ে যথাযথ তথ্য ও বর্ণনা সন্নিবেশকরণের বিষয়েও নির্দেশনা জ্ঞাপিত রয়েছে।

০২। এক্ষণে, আন্তর্জাতিক বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে সঠিকভাবে আমদানীয় পণ্যের দাম যাচাইয়ের সুবিধার্থে রপ্তানিকারক কর্তৃক প্রেরিত পিআইতে অথবা তাদের এদেশীয় এজেন্ট কর্তৃক সরবরাহকৃত ইন্ডেন্টে আমদানীয় পণ্য সম্পর্কিত নিম্নবর্ণিত বিষয়গুলো সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবেঃ

- (ক) পণ্যের পূর্ণাঙ্গ বিবরণ, মান, ব্র্যান্ড, উৎপাদনের তারিখ, প্যাকেজিং সংক্রান্ত তথ্য ও গ্রেড (যদি থাকে) যা দ্বারা পণ্যের গুণগত মান পৃথক করা যায় এবং ইউনিট প্রতি মূল্য ও পরিমাণ;
- (খ) একই পিআইয়ের মাধ্যমে একাধিক পণ্য আমদানির ক্ষেত্রে আলাদাভাবে প্রতিটি পণ্যের বিবরণ, মান, ব্র্যান্ড, উৎপাদনের তারিখ, প্যাকেজিং সংক্রান্ত তথ্য ও গ্রেড (যদি থাকে) যা দ্বারা পণ্যের গুণগত মান পৃথক করা যায় এবং ইউনিট প্রতি মূল্য ও পরিমাণ;
- (গ) একই পিআইয়ের মাধ্যমে ভিন্ন ভিন্ন পণ্য আমদানির ক্ষেত্রে সাধারণভাবে সকল পণ্যকে একটি নির্দিষ্ট ইউনিট যেমনঃ কেজি, লিটার অথবা পিস ইত্যাদিতে পরিমাপ না করে তাদের প্রকৃতি অনুযায়ী প্রযোজ্য ইউনিটে উপস্থাপন;
- (ঘ) International Chamber of Commerce(ICC) কর্তৃক অনুমোদিত Incoterms এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবহন ভাড়া যথাযথভাবে উল্লেখকরণ;
- (ঙ) আমদানীয় পণ্য সুনির্দিষ্টভাবে চিহ্নিতকরণের জন্য এইচএসকোড এর ৬ ডিজিট এর পরের ২ ডিজিট (মোট ৮ ডিজিট পূর্ণরূপে) উল্লেখকরণ।

০৩। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)

পরিচালক(এফইপিডি)

ফোনঃ ৯৫৩০১২৩